

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৩৪

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

বিষয়: মে-২০২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি : খুলনা জেলার গ্রামাঞ্চলে নিয়মিত প্রায় প্রতিদিন ১ থেকে ২ ঘন্টা লোডশেডিং হলেও সিটি কর্পোরেশন এলাকায় বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

স্থানীয় বিষয় : বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে প্রচার কার্যক্রমের আওতায় মাননীয় প্রদানমন্ত্রী ঘোষিত অগ্রাধিকার কর্মসূচি ফ্যামিলি কার্ড, খাল খনন, বৃক্ষ রোপন, নারীর জন্য গাড়ি, কৃষক কার্ড ও কৃষি ঋণ মওকুফ বিষয়ে গত ১৩.০৫.২০২৬খ্রি. তারিখ খুলনা প্রেসক্লাবে প্রেসব্রিফিং অনুষ্ঠিত হয়। প্রেসব্রিফিং-এ উপস্থিত সাংবাদিকতাবৃন্দ খাল খননের পাশাপাশি নদী খনন এবং খুলনায় দখল হয়ে যাওয়া খাল উদ্ধারের ওপর জোর দাবি জানান। এছাড়া শিল্পনগরী খুলনাতে প্রথমধাপে নারীর জন্য গাড়ি চালুর বিষয়ে প্রস্তাব রেখেছেন।

হাম রোগে আক্রান্ত রোগীর সংখ্যা কিছুটা বৃদ্ধি পেয়েছে। হাম রোগের জন্য দেশের অন্যান্য স্থানের মত খুলনাতে টিকাদান ক্যাম্পেই গত ২০ এপ্রিল ২০২৬ তারিখ থেকে শুরু হয়েছে। এ টিকাদান ক্যাম্পেইনে অভিভাবকদের অধিক আগ্রহ দেখা গিয়েছে। এছাড়া জনমনে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে খুলনা বিভাগীয় তথ্য অফিস হাম বিষয়ক প্রচার প্রচারণা অব্যাহত রেখেছে।

পরিবেশ : খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও মশার উপদ্রব অনেক বেড়েছে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে। খুলনাতে গ্রীষ্মকালের গরমের তীব্র দাবদাহ চলমান রয়েছে। মাঝে মাঝে কালবৈশাখী ঝড় দেখা দিচ্ছে।

আইন শৃঙ্খলা : খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও নিয়ন্ত্রণে রয়েছে। এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সোচ্চার থাকার পাশাপাশি নিরলসভাবে কাজ করে যচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

দ্রব্যমূল্য : স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্ষ্য বাজার, গল্পামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় বেগুন, শসা, টমেটোসহ বিভিন্ন সবজির দাম আগের তুলনায় কিছুটা বেড়েছে। অনেকক্ষেত্রে কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বাড়ানোর অভিযোগ থাকায় জেলা প্রশাসনের, খুলনার নিয়মিত বাজার তদারকি ও মোবাইল কোর্ট কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাড়্য কমছে। বাজার গ্রীষ্মের ফল বিশেষ করে আম, জাম, লিচু, কাঁঠাল, উঠতে শুরু করেছে। মৌসুমী ফলের দামও হাতের নাগালে থাকায় ক্রেতাদের মধ্যে সুস্তি বিরাজ করছে।

নৈতিক অবক্ষয় : নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারণা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার : অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেজ্জ লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



১৯-০৫-২০২৬

গাজী জাকির হোসেন
পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfokhna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

